# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৭৭

তারিখঃ ২০ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

কমিশন কতিপয় শর্ত সাপেক্ষে CAPITEC Popular Life P.F. Unit Fund এর প্রসপেক্টাস অনুমোদন করেছিল। ফান্ডটির গণ প্রস্তাব বিগত ০৩ ফেব্রুয়ারী ২০১৯ইং তারিখে আরম্ভ হয়ে ১৯ মার্চ ২০১৯ইং শেষ হওয়ার কথা। উল্লেখ্য যে, ফান্ডটি বে-মেয়াদী এবং ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা টাকা ১০.০০ কোটি। যার মধ্যে ফান্ডটির উদ্যোক্তা বিনিয়োগ করে টাকা ১.০০ কোটি। ফান্ডটির উদ্যোক্তা Popular Life Insurance Limited Employees Provident Fund। যেহেতু মিউচ্যুয়াল ফান্ড এর বিনিয়োগ প্রভিডেন্ট ফান্ড এর বিনিয়োগ থেকে অধিক ঝুঁকিপূর্ণ হয়ে থাকে সেহেতু ফান্ডটির প্রসপেক্টাস ইস্যুর সম্মতি পত্রে কমিশন ফান্ডটির উদ্যোক্তা Popular Life Insurance Limited Employees Provident Fund এর বেনিফিসিয়ারী অর্থাৎ Popular Life Insurance Limited এর কর্মকর্তা/কর্মচারীগণের CAPITEC Popular Life P.F. Unit Fund এ বিনিয়োগ এর বিষয়ে সম্মতি কমিশনে দাখিলের শর্ত আরোপ করে। কিন্তু ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক CAPITEC Fund Management Ltd. তা কমিশনে দাখিল না করে প্রভিডেন্ট ফান্ডটির ট্রাস্টি বোর্ডের সম্মতি দাখিল করে। এ অবস্থায়, সম্পদ ব্যবস্থাপক কর্তৃক সম্মতিপত্রের Part-B এর ১২নং শর্ত পরিপালন ব্যতিত চাঁদা গ্রহণ করায় CAPITEC Popular Life P.F. Unit Fund এর অনুমোদন ২৬ ফেব্রুয়ারী ২০১৯ইং তারিখে অনুষ্ঠিত ৬৭৭তম কমিশন সভায় বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করে। কমিশন এ মর্মে আরো সিদ্ধান্ত গ্রহণ করে যে, এখন থেকে আর কোন বেসরকারী প্রতিষ্ঠানের কর্মচারী গণের প্রভিডেন্ট ফান্ড আর কোন মিউচ্যুয়াল ফান্ড এর উদ্যোক্তা হতে পারবে না।

০৪.০৩.২০১৯

মোঃ আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক